মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ও গ্রাফিতি-চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ এবং গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, শুধু শ্রেণিকক্ষে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় হওয়াই প্রকৃত শিক্ষা নয়; মানুষের মতো মানুষ হয়ে ওঠাই প্রকৃত শিক্ষা। তিনি বলেন, চিত্রাঙ্কন, গ্রাফিতি, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার মতো আয়োজন একজন শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের অন্যতম মাধ্যম। এসব প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের চিন্তা-চেতনা, সমাজের চাহিদা, আকাঙ্ক্ষা ও প্রতিবাদের ভাষা সবার সামনে তুলে ধরতে পারে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল।

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে অনুষ্ঠিত উপস্থিত বক্তৃতা, বিতর্ক, রচনা, কুইজ, হামদ-নাত, কোরআন তেলাওয়াত, দেশাত্মবোধক গান, রবীন্দ্রসঙ্গীত, নজরুলসঙ্গীত, লোকসঙ্গীত, একক অভিনয়, চিত্রাঙ্কন ও গ্রাফিতি প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ করা হয়।

এ সময় জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উপলক্ষে আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুরের আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আবদুর রাহীম, আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি রুহুল আমীন এবং সাবেক কাউন্সিলর আব্দুর রহিম।

অনুষ্ঠানে গ্লোবাল অ্যাকশন সপ্তাহের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। বক্তারা মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন। বিশেষ করে বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি, বাল্যবিয়ে এবং ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সম্পৃক্ততা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া শিক্ষার্থীদের পাঠদানের মানোন্নয়নে বিশেষ করে রিডিং দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

আলোচনা সভা শেষে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত গণিত উৎসবের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

ঝিনাইদহ পাবলিক স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ঝিনাইদহের পাবলিক স্কুলে উৎসবমুখর পরিবেশে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ প্রতিযোগিতায় শতাধিক শিক্ষার্থী বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে তাদের মেধা ও শারীরিক দক্ষতার পরিচয় দেয়।

গতকাল দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক গোলাম মোস্তফা চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা শাখার সভাপতি শাহীনুর আলম লিটন, সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, ঝিনাইদহ ক্যাডেট কোচিংয়ের সহকারী পরিচালক রোকনুজ্জামান। অনুষ্ঠানের সভাপতিত্বে করেন বিদ্যালয়ের পরিচালক পরিচালক হাফিজুর রহমান।

সেসময় বক্তারা, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং পড়াশোনার পাশাপাশি নিয়মিত ক্রীড়াচর্চায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করেন।

আলোচনা সভা শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন। আনন্দঘন এ আয়োজনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়।

মেহেরপুরে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ

মেহেরপুরে ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ সমাপনী অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এবারের প্রতিযোগিতার মূল প্রতিপাদ্য ছিল “তারুণ্যের উৎসব ২০২৫ নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে”।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম।

দিনব্যাপী নানা ইভেন্ট শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। আয়োজনে ছিল বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, মেহেরপুর সদর।